**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 04-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM–Civil Hospital :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগণের জন্য স্বাস্থ্য পরিষেবাকে অন্যতম অগ্রাধিকার দিয়েছে রাজ্যের বর্তমান সরকার। এই লক্ষ্যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকল্পনা গ্রহণ করছে সরকার। গতকাল আগরতলার জ্যাকসন গেইট সংলগ্ন সিভিল হসপিটালের ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা বলেন তিনি। সংবাদ মাধ্যমের সঙ্গে মতবিনিময় করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, এখানে একটা ৫০ শয্যার আরবান স্বাস্থ্য কেন্দ্র হচ্ছে। এখানে বিভিন্ন বিভাগের ওপিডি সহ মাইনর ওটি (অপারেশন থিয়েটার) থাকবে। আগরতলা পুর নিগমের ব্যবস্থাপনায় আগামী ৬ মাসের মধ্যে এর যাবতীয় কাজ সম্পন্ন হয়ে যাবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

**************************

**Bamboo Park :**

কৈলাসহরে চন্ডীপুর ব্লকের ছনতৈল মডেল অর্চাডে নতুন একটি ইন্টিগ্রেটেড ব্যাম্বু পার্ক স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। ত্রিপুরা ব্যাম্বু মিশন ব্যাম্বু ভ্যালু চেইন ডেভেলপমেন্টের আওতায় এই ব্যাম্বু পার্কটি গড়ে তোলা হবে। এর জন্য ৪০ একরেরও বেশি জমি প্রয়োজন হবে। আনুমানিক ব্যয় ধরা হয়েছে ১৬২ কোটি ৯২ লক্ষ টাকা। ব্যাম্বু পার্ক স্থাপনের জন্য ইতিমধ্যেই ডিপিআর তৈরী করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। ডিপিআরটি চূড়ান্ত অনুমোদনের পরই কাজ শুরু হবে। ত্রিপুরা ব্যাম্বু মিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, ছামনুতে প্রস্তাবিত ইন্টিগ্রেটেড ব্যাম্বু পার্কে বিভিন্ন ধরণের বাঁশভিত্তিক উৎপাদন ইউনিট থাকবে।

*************************

**C.M-Sports Complex :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ক্রীড়াক্ষেত্রের উন্নয়নের মাধ্যমে রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে নিরন্তর প্রয়াস জারি রেখেছে রাজ্য সরকার। এই লক্ষ্য বাস্তবায়নে রাজ্যের প্রতিভাবান ক্রীড়াবিদদের জন্য অত্যাধুনিক পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। ক্রীড়াক্ষেত্রের উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে এবারের রাজ্য বাজেটেও আর্থিক সংস্থান রাখা হয়েছে। গতকাল আগরতলার বাধারঘাটের দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সে দেবভক্তি জমাতিয়া সিন্থেটিক অ্যাথলেটিক টার্ফ, স্বদেশপ্রিয় নন্দী সিন্থেটিক হকি গ্রাউন্ড ও প্রতুল ভট্টাচার্য সিন্থেটিক টার্ফ ফুটবল গ্রাউন্ডের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। রাজ্যের ক্রীড়া ক্ষেত্রে তাদের অবদানের স্বীকৃতি হিসেবেই এই উদ্যোগ বলে তিনি জানান।

*************************

**Waqf Bill :**

রাজ্যসভায় অনুমোদনের মধ্য দিয়ে ওয়াকফ সংশোধনী বিল-২০২৫ গতকাল সংসদে পাশ হয়েছে। রাজ্যসভায় বিস্তারিত আলোচনার পর এই বিলটি পাশ করা হয়। লোকসভায় এর আগেই বিলটি পাশ হয়েছিল।

*************************

**Tet Result :**

টেট ওয়ান এবং টেট টু-এর মেধা তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। টিআরবিটি আয়োজিত এই পরীক্ষার মেধা তালিকায় টেট ওয়ানে ৬৬ জন এবং টেট টু-তে ১৬২ জন স্থান পেয়েছেন।

*************************

**Brahmakund Mela :**

মোহনপুর মহকুমা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং ব্রহ্মকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে অশোকাষ্টমী উপলক্ষ্যে সিমনায় ৩দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা আজ থেকে শুরু হচ্ছে। চলবে আগামী ৬ই এপ্রিল পর্যন্ত। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মেলার উদ্বোধন করবেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা।

***************************

**Basanti Puja :**

আজ সপ্তমী পুজার মধ্যে দিয়ে শুরু হচ্ছে চারদিনব্যাপী বাসন্তী পুজা। রাজ্যের বিভিন্ন অংশে ধুমধামের সঙ্গে এই পূজার আয়োজন করা হয়। বিভিন্ন বাড়ি ও বাড়োয়ারী উদ্যোগেও বাসন্তী পূজার আয়োজন করা হয়। গতকাল রাতে ষষ্ঠী ও বোধনের মধ্যে দিয়ে দেবী বাসন্তীকে আবাহন করা হয়েছে।

***************************

**Minority Congress Meeting :**

ত্রিপুরা প্রদেশ কংগ্রেস মাইনোরিটি ডিপার্টমেন্টের বৈঠক গতকাল আগরতলায় কংগ্রেস ভবনে অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। তিনি জানান ওয়াকফ বিলের বিরুদ্ধে জাতীয় কংগ্রেসের দেশব্যাপী কর্মসূচির অঙ্গ হিসেবে রাজ্যেও বিভিন্ন প্রতিবাদ কর্মসূচি পালন করা হবে। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ রায় বর্মণ, মাইনোরিটি ডিপার্টমেন্টের চেয়ারম্যান রুহুল আলম প্রমুখ।

**************************

**Bikash Debbarma :**

বিজেপির কৃষ্ণপুর মন্ডলের মহিলা মোর্চার উদ্যোগে গতকাল তেলিয়ামুড়ার চাকমাঘাট কমিউনিটি হলে মহিলারা স্বনির্ভর হলে উন্নত হবে দেশ শীর্ষক

সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনজাতি মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি বলেন, নারীরা কেবলমাত্র পরিবারের ভিত্তি নন, তারা সমাজ ও দেশের উন্নয়নের অন্যতম চালিকাশক্তি।

**************************

**Village Health and Nutrition Day :**

স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের উদ্যোগে গতকাল পূর্ব লুধুয়া ভিলেজের শরৎ চন্দ্র পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীন স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। শিশুদের মাতৃদুগ্ধ পান করানোর গুরুত্ব ও এইডস রোগ সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য রাখেন পূর্ব লুধুয়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার প্রিয়াংকা রিয়াং। অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আসা মা ও শিশুদের স্বাস্থ্য পরীক্ষার পর প্রয়োজনীয় ঔষধপত্র প্রদান করা হয়।

**************************

**State Level Biju Mela :**

আগামী ১৩ই এপ্রিল থেকে ছামনুতে ৫১তম রাজ্যভিত্তিক বিজু মেলা শুরু হবে। পাঁচদিনব্যাপী এই মেলা চলবে ১৭ই এপ্রিল পর্যন্ত। এ উপলক্ষ্যে গতকাল লংতরাইভ্যালি মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন বিধায়ক শম্ভুলাল চাকমা।

*************************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দপ্তর থেকে ঊনকোটি ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

**************************